




জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর-২, ঢাকা।
ফোন : ৯০৩৫৩৫৫
(www.nha.gov.bd)

রেডি ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের মিরপুর গৃহসংস্থান বিভাগ-২ এর আওতাধীন সরকারী/আধা-সরকারী কর্মকর্তাদের জন্য 'জয়নগর' আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের দালান নং-২ ও ৫ এ ফ্ল্যাট বরাদ্দ প্রাপকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জয়নগর প্রকল্পের প্রায় সমাপ্তকৃত ০৩টি ভবনের (ভবন নং-১,৩ ও ৪) অবরাদ্দকৃত ৬টি ফ্ল্যাট এবং মোহাম্মদপুরস্থ এফ ব্লক প্রকল্পের অতি সম্প্রতি সমাপ্তকৃত এবং বাসোপযোগী ১৫ নং ভবনের অবরাদ্দকৃত ৩০টি ফ্ল্যাট অগ্রাধিকার ভিত্তিতে জয়নগর প্রকল্পে ভবন নং-২ ও ৫ এর আর্থহী বরাদ্দ গ্রহীতাদের অনুকূলে বরাদ্দ প্রদান করা যেতে পারে মর্মে কর্তৃপক্ষের ১৯৯ তম বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জয়নগর প্রকল্পের ভবন নং-২ ও ৫ এর বরাদ্দ গ্রহীতাগণের মধ্য হতে আর্থহী ব্যক্তিবর্গের নিকট থেকে জয়নগর প্রকল্পের ভবন নং-১,৩ ও ৪ এর অবরাদ্দকৃত ০৬টি ফ্ল্যাট অথবা মোহাম্মদপুরস্থ এফ ব্লকের ১৫ নং ভবনের ৩০টি ফ্ল্যাট এর যে কোন একটি ফ্ল্যাট বরাদ্দের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। তবে এক্ষেত্রে গ্যারেজ বরাদ্দের নিশ্চয়তা প্রদান করা যাবে না। কোন আবেদনকারী জয়নগর এবং মোহাম্মদপুর দুই জায়গায় একসাথে আবেদনের যোগ্য হবেন না। আগামী ১১/০৭/২০১৯ খ্রিঃ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে আবেদন গ্রহণ করা হবে।


নির্বাহী প্রকৌশলী

মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
মিরপুর, ঢাকা

e-mail: eenha.mirpur2@gmail.com

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২, মিরপুর, ঢাকা
ফোন : ০২-৯০৩৫৩৫৫
web: www.nha.gov.bd

স্মারক নম্বর-জাগৃক/ ই,এইচ,এম-২/ ২০১৬

তারিখ- ১৪/০৬/২০১৯ খ্রিঃ


বরাবর

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আমাদের সময়
১১৮- ১২১, তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা- ১২০৮

বিষয় : বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন সরকারী/আধাসরকারী কর্মকর্তাদের জন্য 'জয়নগর' আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের রেডি ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত পত্রিকায় ১৩/০৬/২০১৯ ইং তারিখের মধ্যে ০১(এক) দিন সকল সংস্করণের শেষ পৃষ্ঠায় ন্যূনতম কলাম ইঞ্চিতে রঙিন বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো। বিল সহ প্রকাশিত পত্রিকার সৌজন্য কপি ০৩(তিন) সেট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্তি : বর্ণিত বিজ্ঞপ্তি।


(মোঃ আবু হোয়ায়রা)
নির্বাহী প্রকৌশলী
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
মিরপুর, ঢাকা

ফোন-০২-৯০৩৫৩৫৫

e-mail: eenha.mirpur2@gmail.com

স্মারক নম্বর-জাগৃক/ ই,এইচ,এম-২/

তারিখ- ১৪/০৬/২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য-

- ১। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।

(মোঃ আবু হোয়ায়রা)
নির্বাহী প্রকৌশলী
মিরপুর গৃহসংস্থান বিভাগ-২
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
মিরপুর, ঢাকা

ফোন-০২-৯০৩৫৩৫৫

e-mail: eenha.mirpur2@gmail.com